

বাংলাদেশ  গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ১২, ১৯৮৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ  
(প্রশাসন শাখা)

বিজ্ঞপ্তি

ঢাকা, ২১শে বৈশাখ, ১৩৯৫/১২ই মে, ১৯৮৮

নং এস, আর, ও ১১৭-আইন/৮৮-গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা :

১। সংক্ষিপ্ত শিরনামা।—এই বিধিমালা পরিকল্পনা কোষের সহকারী গ্রন্থাগারিক এবং গ্রন্থাগার সহকারী নিয়োগ বিধিমালা, ১৯৮৮ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় কিংবা প্রসংগের পরিপন্থী কিছুর না থাকিলে, এই বিধিমালায়,—

- (ক) “তফসিল” অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল;
- (খ) “প্রয়োজনীয় যোগ্যতা” অর্থ তফসিলে বর্ণিত কোন নির্দিষ্ট পদের যোগ্যতা;
- (গ) “নিয়োগকারী কর্তৃপক্ষ” অর্থ সরকার এবং কোন নির্দিষ্ট পদে নিয়োগদানের উদ্দেশ্যে সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত কোন কর্মকর্তাও এই সংজ্ঞার অন্তর্ভুক্ত হইবে;
- (ঘ) “নির্দিষ্ট পদ” অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ;
- (ঙ) “শিক্ষানবিস” অর্থ কোন নির্দিষ্ট পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি;



(চ) “স্বীকৃতি প্রাপ্ত বিশ্ববিদ্যালয়” অর্থ আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীনে প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় এবং সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে স্বীকৃত অন্য কোন বিশ্ববিদ্যালয়ও এই সংজ্ঞার অন্তর্ভুক্ত হইবে;

(ছ) “স্বীকৃতি প্রাপ্ত বোর্ড” অর্থ আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা অধীনে প্রতিষ্ঠিত কোন শিক্ষা বোর্ড এবং সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে স্বীকৃত অন্য কোন শিক্ষা বোর্ডও এই সংজ্ঞার অন্তর্ভুক্ত হইবে।

৩। নিয়োগ পদ্ধতি, ইত্যাদি—(১) তফসিলে বর্ণিত বিধানাবলী সাপেক্ষে, কোন নির্দিষ্ট পদে সরাসরি নিয়োগের মাধ্যমে নিয়োগদান করা হইবে।

(২) কোন ব্যক্তির প্রয়োজনীয় যোগ্যতা না থাকিলে এবং তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়স সীমার মধ্যে না হইলে তাহাকে উক্ত পদে নিয়োগ করা হইবে না।

৪। নিয়োগ—(১) কোন নির্দিষ্ট পদে নিয়োগের উদ্দেশ্যে নিয়োগকারী কর্তৃপক্ষ একটি বাছাই কমিটি গঠন করিবেন এবং উক্ত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে উক্ত পদে কোন ব্যক্তিকে নিয়োগ করা চলিবে না।

(২) কোন নির্দিষ্ট পদে নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের নিবাসী না হন, অথবা

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৩) কোন ব্যক্তিকে কোন নির্দিষ্ট পদে নিয়োগ করা হইবে না, যদি না—

(ক) মহা-পরিচালক কর্তৃক গঠিত মেডিক্যাল বোর্ড অথবা উক্ত মহা-পরিচালক কর্তৃক মনোনীত কোন মেডিক্যাল অফিসার এই মর্মে প্রত্যয়ন করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনূর্ধ্ব পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছে না যাহা উক্ত পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপ বাছাইকৃত ব্যক্তির পূর্ব-কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্তের ফলে দেখা যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি উপযুক্ত।

(৪) কোন ব্যক্তিকে কোন নির্দিষ্ট পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফি সহ যথাযথ ফরমে ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারী চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকা সত্ত্বেও স্বীয় উর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। শিক্ষানবিসী—(১) স্থায়ী শূন্য পদের বিপরীতে কোন নির্দিষ্ট পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিস হিসাবে নিয়োগের তারিখ হইতে দুই বৎসরের জন্য নিয়োগ করা হইবে:

তবে শর্ত থাকে যে নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া উক্ত শিক্ষানবিসী মেয়াদ এক বা একাধিকবারে এইরূপ সম্প্রসারণ করিতে পারেন যাহাতে বিধিত মেয়াদ সর্ব সাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।



(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসী মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার আর সম্ভাবনা নাই, সেক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ উক্ত শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন।

(৩) শিক্ষানবিসী মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সমাপ্ত হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিসী মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল তাহা হইলে, (৪) উপ-বিধির বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরীতে স্থায়ী করিবেন; এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন।

(৪) কোন শিক্ষানবিসকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না তিনি সরকারী আদেশ বলে সময়ে সময়ে যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয় সেই পরীক্ষায় পাশ করেন ও প্রশিক্ষণ গ্রহণ করেন।

#### তফসিল

ক্রমিক নং।	নির্দিষ্ট পদের নাম	নিয়োগের জন্য বয়স সীমা।	নিয়োগ পদ্ধতি	প্রয়োজনীয় যোগ্যতা।
১	২	৩	৪	৫
১	সহকারী গ্রন্থাগারিক	অনুর্ধ্ব ২৭ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ব- বিদ্যালয় হইতে স্নাতক উত্তীর্ণ এবং গ্রন্থাগার বিজ্ঞান সনদসহ সংশ্লিষ্ট কাজে দুই বছরের অভিজ্ঞতা।
২	গ্রন্থাগার সহকারী	ঐ	ঐ	কোন স্বীকৃতিপ্রাপ্ত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ এবং গ্রন্থাগার বিজ্ঞানে সনদপ্রাপ্ত।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ হাসিনুর রহমান

ভারপ্রাপ্ত অতিরিক্ত সচিব,